

সংগঠনে জেভার ও উন্নয়ন সম্পৃক্তকরণ নীতিমালা



## প্রান্তজন

কুলসুম প্যালেস, মিরাবাড়ী সড়ক, রাজুমিয়ার পোল, বটতলা, বরিশাল সদর, বরিশাল।

ফোন: ০৪৩১-২১৭৬৬৩০, মোবাইল: - ০১৭১১-১৮৩৩৩০

ই-মেইল :- [prantojon.bd@gmail.com](mailto:prantojon.bd@gmail.com)

নারী-পুরুষের সমতা অর্জনের ও বৈষম্য দূরীকরণের ক্ষেত্রসমূহ :

১. নারীর মানবাধিকা ও মৌলিক স্বাধীনতা
২. নারীর প্রতি সকল প্রকার নির্যাতন, সশস্ত্র সংঘর্ষ
৩. দারিদ্র্য, অর্থনৈতিক কর্মকাণ্ড, কর্মসংস্থান ও খাদ্য নিরাপত্তা
৪. শিক্ষা, প্রশিক্ষণ, প্রযুক্তি ও গুণমাধ্যম
৫. মেয়ে শিশুর প্রতি সকল প্রকার বৈষম্য
৬. ক্রীড়া ও সংস্কৃতি
৭. গৃহায়ণ ও আশ্রয়
৮. প্রশাসনিক
৯. রাজনৈতিক।

## অধ্যায় - ২

জেভার নীতিমালার উদ্দেশ্যঃ

প্রান্তজন-এর কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র্যতা হ্রাসকরণ, কমিউনিটির ক্ষমতায়ন ও নারী-পুরুষ বৈষম্য দূর করার লক্ষ্যে জেভার নীতিমালা প্রনয়ন করা হয়েছে।

এই নীতিমালার উদ্দেশ্যগুলো নিম্নরূপ :

১. উন্নয়ন স্থায়ীকরণের ক্ষেত্রে বিভিন্ন কর্মসূচি ও প্রকল্পে নারী-পুরুষের সমতা ও সাম্য বজায় ও নিশ্চিত করা।
২. প্রান্তজন-এর সকল পর্যায়ে নারী-পুরুষ একত্রে কাজ করার সমঅংশগ্রহণের পরিবেশ সৃষ্টি করা।
৩. বর্তমান প্রেক্ষাপটে প্রান্তজন-এর কর্মরত সকল পর্যায়ের নারী কর্মীদের অসুবিধাগুলো চিহ্নিতকরণ ও সমাধানের কর্মপরিকল্পনা নির্ধারণ করা।
৪. নির্বাহী কমিটি-সহ সকল পর্যায়ে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীদের অংশগ্রহণ সমতার ভিত্তিতে নিশ্চিত করা।
৫. নারীর সামাজিক, আইনগত ও অর্থনৈতিক অবস্থান উন্নয়নের সঙ্গে সংশ্লিষ্ট সরকারী বা বেসরকারী পর্যায়ে স্থানীয় ও জাতীয় অবকাঠামো সমূহ শক্তিশালী করার ক্ষেত্রে অবদান রাখা।
৬. নারীর সুনির্দিষ্ট চাহিদা ও তাকে ঐতিহাসিকভাবে বঞ্চিত ও পশ্চাৎপদ করে রাখার প্রেক্ষাপট বিবেচনায় রেখে তার জন্য ইতিবাচক পদক্ষেপ গ্রহণ।

নীতিমালা বাস্তবায়নের ক্ষেত্রসমূহঃ

প্রান্তজন-এর নিম্নোক্ত ক্ষেত্রে এই নীতিমালা বাস্তবায়নের মাধ্যমে মেনে চলবে।

এই নীতিমালা প্রধানত দুটিভাগে বিভক্ত।

১. কর্মসূচি / প্রকল্প বিষয়ক
২. সাংগঠনিক বিষয়ক

কর্মসূচি বা প্রকল্প বিষয়ক :

কর্মসূচি বা প্রকল্প বিষয়ক বলতে প্রান্তজন যে সব কার্যক্রম বাস্তবায়ন করে এবং সেক্ষেত্রে উদ্দিষ্ট জনগোষ্ঠীর মধ্যে এমন কৌশলগত কার্যক্রম গ্রহণ করা যা নারীর ভূমিকা ও অংশগ্রহণ দৃশ্যমান হয় এবং সমাজে নারী-পুরুষ বৈষম্য দূর করার ক্ষেত্রে একটি ইতিবাচক পরিবেশ সৃষ্টি করে।

সাংগঠনিক বিষয় :

প্রান্তজন এমন বিশেষ কিছু কৌশলগত পদক্ষেপ নেয় যাতে সংগঠনে বিশেষ করে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধি পায় এবং নারী-পুরুষ সুসম্পর্কের ভিত্তিতে দায়িত্ব পালনে একটি সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করে যা নারীর সুপ্ত প্রতিভা বিকাশের মাধ্যমে সংগঠনের কার্যক্রমকে আরো সৃজনশীল ও গঠনমূলক করে।

এ ছাড়াও প্রান্তজন-এর নির্বাহী কমিটিতে নারী সদস্যের সংখ্যা বৃদ্ধিসহ তাদের সম অংশগ্রহণ, ভূমিকা ও নারীর অধিকার বাস্তবায়নে বিশেষ অবদান রাখে।

## অধ্যায় - ৩

জেভার নীতিমালা বাস্তবায়ন কৌশলসমূহ :

উন্নয়ন প্রক্রিয়ায় নারীর চূড়ান্ত অংশগ্রহণ নিশ্চিত করার ক্ষেত্রে প্রান্তজন নিম্নোক্ত কৌশলগুলো অবলম্বন করেঃ-

  
এস এম শাহজাদা  
নির্বাহী পরিচালক  
প্রান্তজন, বরিশাল।

  
রেজাবি-উল-কবির  
চেয়ারপার্সন  
প্রান্তজন, বরিশাল।